গাংনীতে দূর্বৃত্তের আগুনে পুড়লো কৃষকের সেচ পাম্প

গাংনী উপজেলার চাঁদপুর গ্রামে দূর্বৃত্তের দেওয়া আগুনে পুড়লো কৃষকের মাঠের সেচ পাম্প।

বুধবার (১ জুন) দিবাগত রাতের কোনো এক সময় গাংনী উপজেলার রাইপুর ইউনিয়নের চাঁদপুর গ্রামের মাঠে এ ঘটনা ঘটে।
সেচ পাম্পটি পুড়ে যাওয়ায় কৃষক হাফিজুর রহমান মঙ্গলের এখন দিশেহারা। চলতি মৌসুমে ওই মাঠের কৃষকরা এখন তাদের জমিতে সেচ কাজ নিয়ে শংকিত।

সেচ পাম্পের মালিক হাফিজুর রহমান মঙ্গল জানান, বিএডিসির লাইসেন্স নিয়ে স্থানীয় মাঠে মাঠে ১টি গভীর নলকূপ স্থাপন করা হয়। এই সেচ পাম্পেটি এই মাঠের ভরসা।

রাইপুর ইউনিয়ন পরিষদের সদস্য (মেম্বর) হাসান আলী জানান, সেচ পাম্পে আগুন দেয়ার কারণে চলতি মৌসুমে ওই মাঠের কৃষকদের সেচ কাজ ব্যহত হবে।

এ বিষয়ে গাংনী থানায় একটি ডায়েরি করার প্রস্তুতি চলছে।